গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
www.dwa.gov.bd

ডে-কেয়ার সেন্টার, ময়মনসিংহ পরিদর্শন প্রতিবেদন:

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০২১.২৫.০০১.১৮-৩৭ তারিখ:-২৭/২/২৫

গত ২৪/১২/২০২৪ তারিখ ডে-কেয়ার সেন্টার, ময়মনসিংহ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ময়মনসিংহ জেলার উপপরিচালক (চ:দা:) নাজনীন সুলতানা, গৌরিপুর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রেহানা আক্তার, ডে-কেয়ার অফিসার, মোঃ সোহরাব হোসেন মন্ডল এবং ডে-কেয়ার ইনচার্জ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালীন সময়ে ৪৪ জন শিশু উপস্থিত পাওয়া যায়। ডে-কেয়ার সেন্টারের দু'জন শিক্ষিকা ঢাকায় প্রশিক্ষণে আছেন।

ডে-কেয়ার সেন্টারটি মেইন রোড থেকে বেশ ভিতরে। মেইন রোডে ডে-কেয়ার সেন্টারের যে সাইন বোর্ড দেয়া আছে তা একটু দুর থেকে দেখা যায় না । মেইন রোডের সাইন বোর্ড ছোট। ডে-কেয়ার সেন্টারের অবস্থান চৌধুরী ম্যানশন, আকুয়ায়ের ৩য় তলায়, ২য় তলায় মদিনাতুল মুনাওয়ারাহ নামে বালিকা মাদরাসা রয়েছে। সাইন বোর্ড দেখে মনে হতে পারে ডে-কেয়ার সেন্টারটি ঐ মাদরাসার কোন অঙ্গ প্রতিষ্ঠান। ডে-কেয়ার সেন্টারটির পরিস্কার পরিচ্ছন্নতা আশানুরূপ নয়। শিশুদের সাথে কথা বলে জানা যায় সকালে সেমাই খেতে দেয়া হয়েছে। দুপুরের জন্য মাছ ও ডাল রান্না করা হয়েছে। ডে-কেয়ার সেন্টারটিতে অনেক অকেজো আসবাবপত্র রয়েছে। শিশুদের খেলনা অপ্রতুল। শিশুরা ছড়া, অ –ঔ এবং ১-১০ পর্যন্ত গুনতে পেরেছে।

সুপারিশসমূহ:

১। ময়মনসিংহ বিভাগীয় শহর হওয়ায় ডে-কেয়ার সেন্টারের বেশ চাহিদা রয়েছে। মুল শহর থেকে ডে-কেয়ার সেন্টারটি অনেক ভিতরে অবস্থিত। মেইন রোডের সাইন বোর্ড বড় করাসহ ডে-কেয়ার সেন্টারটি মেইন শহরে স্থানান্তর করা যেতে পারে।

২। শিশুদের মাছ দেয়ার ক্ষেত্রে মাছের টুকরা একটু বড় হওয়ায় প্রয়োজন। ডে-কেয়ার সেন্টারটি পরিস্কার পরিচ্ছন্ন রাখার পরামর্শ প্রদান করা হয়।

৩। অকেজো আসবাবপত্র নিলামের জন্য সদর কার্যালয়ে অনুমতি চেয়ে পত্র দেয়ার পরামর্শ দেয়া হয়।

৪। ডে-কেয়ার সেন্টারটি যদি এখানে থাকতেই হয়, মাদরাসা থেকে ডে-কেয়ার সেন্টারটি সাইন বোর্ড বড় করার পরামর্শ দেয়া হয়।

২৭/০২/২৫
মর্জিনা ইয়াসমিন
প্রোগ্রাম অফিসার (ই-সার্ভিস)
ও ফোকাল পয়েন্ট
এপিএ টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।